

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

১১ মার্চ ২০২৩খ্রি.

জনগণকে নিয়ে সরকার উৎখাত আন্দোলন প্রতিহত করব: চসিক মেয়র

কথিত সরকার উৎখাত আন্দোলনের নামে বিএনপি-জামায়াত চক্রের অরাজকতা সৃষ্টি ও অপতৎপরতা জনগণকে সাথে নিয়ে প্রতিহতের ঘোষণা দিয়েছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের (চসিক) মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

শনিবার চাঁদগাও থানা আওয়ামী লীগের আয়োজিত শান্তি সমাবেশে মেয়র এ ঘোষণা দেন।

প্রধান অতিথির বক্তব্যে চট্টগ্রাম মহানগর আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক চসিক মেয়র বলেন, জনগণের জানমাল রক্ষায় আওয়ামী লীগের কর্মীরা প্রস্তুত আছে। জাতির পিতারকন্যা শেখ হাসিনার নেতৃত্বে দেশে যে অভাবনীয় উন্নয়ন হয়েছে তাতে বিএনপি-জামায়াত গোষ্ঠী নাখোশ। প্রধানমন্ত্রী যখন স্মার্ট বাংলাদেশ গড়ার জন্য লড়ছেন তখন এই নাখোশ গোষ্ঠী স্বাধীনতাবিরোধীদের সাথে মিলে সরকার উত্থাতের ষড়যন্ত্র করছে।

"ষড়যন্ত্রকারীদের উদ্দেশ্যে বলতে চাই শেখ হাসিনার নেতৃত্বে আমরা যে কোন ষড়যন্ত্র প্রতিরোধে প্রস্তুত। জনগণকে সাথে নিয়ে আমরা যে কোন মূল্যে সরকারকে টিকিয়ে রাখতে লড়বো, গড়বো স্মার্ট বাংলাদেশ।"

সমাবেশে সভাপতিত্ব করেন চট্টগ্রাম মহানগর আওয়ামী লীগের সংস্কৃতি বিষয়ক সম্পাদক আবু তাহের। সমাবেশে ৬ নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি সামশুল আলমের সঞ্চালনায় বক্তব্য রাখেন মহানগর আওয়ামী লীগের নেতা নোমান আল মাহমুদ, আবদুছ ছালাম, জোবাইরা নাগিস খান, নূর আহমদ নূর, মো. ঈছা। উপস্থিত ছিলেন ৬ নং ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক কাউন্সিলর আশরাফুল আলম, এডভোকেট আইয়ুব খান, জসিম উদ্দিন, মোজাহেরুল হক চৌধুরী, হুমায়ুন কবির, আবুল কালাম, মো. সাইফুদ্দিন, সিরাজুল কবির, শওকত আলী, নঈমউদ্দিন খান, বুবায়ত হোসেন, মেজবাহ উদ্দিন।

শিক্ষার্থীদের হাতে স্বাধীনতার রক্ষাকবচ: চসিক মেয়র

বঙ্গবন্ধুর নেতৃত্বে পাওয়া স্বাধীনতা রক্ষার দায়িত্ব শিক্ষার্থীদেরকে বহন করার আহ্বান জানিয়েছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের (চসিক) মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

শনিবার আর এম এডুকেশন ফাউন্ডেশন আয়োজিত শিক্ষা বৃত্তি ও কৃতি শিক্ষার্থী সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মেয়র বলেন, একাত্তরে ছাত্র অবস্থায় বঙ্গবন্ধুর ডাকে ঘড় ছেড়ে যুদ্ধে গিয়েছিলাম। দেশ স্বাধীন হলেও এখনো স্বাধীনতাবিরোধী শক্তির ষড়যন্ত্র থেমে নেই।

"শিক্ষার্থীদের হাতে স্বাধীনতার রক্ষাকবচ। শিক্ষার্থীরা কেবল পড়লে হবেনা, তাদের হয়ে উঠতে হবে যোগ্য মানুষ। আজকের শিক্ষার্থীদের নেতৃত্বে বাংলাদেশে চলমান উন্নয়নের ধারা আরো বেগবান হবে বলে আমাদের প্রত্যাশা। বঙ্গবন্ধুর ক্ষুধামুক্ত-দারিদ্রমুক্ত বাংলাদেশের স্বপ্নপূরণ হবে শিক্ষার্থীদের হাত ধরে।"

বঙ্গবন্ধু হল, প্রেস ক্লাবে আয়োজিত অনুষ্ঠানে মোঃ মেহেদী হাসানের সভাপতিত্বে প্রধান আলোচক ছিলেন লেখক ও গবেষক ড. মুহাম্মদ মাসুম চৌধুরী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ ফরহাদ উদ্দিন, খন্দকার সাইফুল ইসলাম, আলাউল কাযহার ইমন, মোঃ সাইফুল আলম। শুভেচ্ছা বক্তব্য রাখেন মনজুর আহম্মদ।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার
চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮